"ডাক সেবার আধুনিকায়ন
গ্রাম-শহরের সম্মিলন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয় রংপুর বিভাগ, রংপুর-৫৪০০।

স্মারক নম্বর: [illegible]৩১.৮৫০০.৩৪২.০৬.০০১.২৪ | তারিখ: রংপুর ২১/০৪/২০২৪ খ্রিঃ।

## উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি বিজ্ঞপ্তি

নীলফামারী জেলার ডিমলা উপজেলা ডাকঘরের স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্তির/নিয়োজনের লক্ষ্যে ডিমলা উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | উপজেলার নাম | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | উদ্যোক্তা (লেটার রাইটার), স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস | ডিমলা, নীলফামারী | ২ জন (১ জন নারী এবং ১ জন পুরুষ) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে নূন্যতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনা, নাগরিক সেবা প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি সম্পর্কে দক্ষতা;<br>(গ) নিজ খরচে স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস এর জন্য প্রয়োজনীয় উপকরণ (কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি), যন্ত্রপাতি এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য;<br>(ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে;<br>(ঙ) কম্পিউটার চালনায় MS Office এ পারদর্শী হতে হবে।<br>(চ) রাষ্ট্রবিরোধী বা ফৌজদারী অপরাধের অভিযোগমুক্ত হতে হবে;<br>(ছ) পূর্বে জনবান্ধব সেবা প্রদানকারী এবং অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে।<br>(জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। | |

**শর্তাবলী:**

০১। আবেদন শুরুর তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রি. এবং আবেদনের শেষ তারিখ: ২ মে ২০২৪ খ্রি. দিবাগত রাত ১১.৫৯। (আবেদন লিংক- http://bdpost.eksheba.gov.bd/)।

০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় নূন্যতম ৫ বছর বসবাসরত) হতে হবে।

০৩। প্রার্থীর বয়স জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে নূন্যতম ১৮ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।

ক) অনলাইন জন্ম সনদ এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।

খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার অনিয়ম/বিশৃংখল আচরণের ক্ষেত্রে দায়-দায়িত্ব নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গন্যমান্য ব্যক্তি/নিকট আত্মীয়র নিকট হতে প্রত্যয়নপত্র।

গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

চলমান পাতা

শিক্ষা বোর্ড, দিনাজপুর বরাবর আবেদন করি। অনলাইন রেজিস্ট্রেশন (e-SIF) বাতিল করার আবেদনটি ২০-০৮-২০২৩খ্রি. তারিখে গৃহিত হয়। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ১৬ অক্টোবর, ২০২৩খ্রি. তারিখে ২০২৩ শিক্ষাবর্ষে মোঃ নেওয়াজ শরীফের রেজিস্ট্রেশন কার্ড প্রদান করে সিরিয়াল নং-২০২৩৫২৬৮৭৬, নিবন্ধন নং-২৭০১৪৫৮৩২০, ট্রেডের নামঃ ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন। পরবর্তীতে আমি জানতে পারি উক্ত শিক্ষার্থী মোঃ নেওয়াজ শরীফ, ২০২২-২৩ শিক্ষাবর্ষে কালীগঞ্জ উচ্চ বিদ্যালয়, ডিমলা থেকে ২০২৪ সনের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহন করেছে।"

কালীগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ রফিকুল ইসলাম মহোদয়ের কাছে জানতে চাইলে তিনি বলেন যে, "অভিভাবক মোঃ নাসিরুল ইসলাম তাঁর সন্তান মোঃ নেওয়াজ শরীফকে ২০২২-২৩শিক্ষাবর্ষে আমার প্রতিষ্ঠানের ৯ম শ্রেণীতে ভর্তী করাতে চাইলে জে.এস.সি পরীক্ষার সনদ দেখে মোঃ নেওয়াজ শরীফকে আমার প্রতিষ্ঠানে ভর্তীকরাই। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর কর্তৃক প্রদেয় রেজিস্ট্রেশন নম্বরঃ ২১১৭৬৯৮৫০১, শিক্ষাবর্ষঃ ২০২২-২৩, বিভাগঃ বিজ্ঞান। এস.এস.সি পরীক্ষার্থীদের ফরম পূরণ করার সময় পরীক্ষার্থী মোঃ নেওয়াজ শরীফের ফরম পূরণে জটিলতা দেখা দেয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর থেকে জানতে পারি উক্ত পরীক্ষার্থী মোঃ নেওয়াজ শরীফের রেজিস্ট্রেশন নম্বর ২(দুই)টি। প্রথমটি ছাতনাই উচ্চ বিদ্যালয় থেকে, দ্বিতীয়টি কালীগঞ্জ উচ্চ বিদ্যালয় থেকে। যেহেতু এস.এস.সি পরীক্ষার্থী মোঃ নেওয়াজ শরীফের জে.এস.সি সনদ অনুযায়ী সর্বশেষ কালীগঞ্জ উচ্চ বিদ্যালয় থেকে রেজিস্ট্রেশন করা হয়েছে, তাই ছাতনাই উচ্চ বিদ্যালয়ের আবেদনের প্রেক্ষিতে মোঃ নেওয়াজ শরীফের ১ম রেজিস্ট্রেশনটি দিনাজপুর শিক্ষা বোর্ড কর্তৃক বাতিল করা হয়। এস.এস.সি পরীক্ষা শুরুর ২ সপ্তাহ পূর্বে জরিমানা দিয়ে এস.এস.সি পরীক্ষার্থী মোঃ নেওয়াজ শরীফের ফরম পূরণ করা হয়। অতঃপর মোঃ নেওয়াজ শরীফ, কালীগঞ্জ উচ্চ বিদ্যালয়ের বৈধ পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সনের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহন করে।"

অভিযোগের সরেজমিন তদন্ত করে দেখা যায় যে, ছাতনাই উচ্চ বিদ্যালয়ের ভোকেশনাল শাখার ৯ম শ্রেণীর শিক্ষার্থী মোঃ নেওয়াজ শরীফ ৩১-১২-২০২২খ্রি. ফুড প্রসেসিং এন্ড প্রিজার্ভেশন ট্রেডে ভর্তী হয়ে ক্লাশে অনুপস্থিত থাকে এবং ২০২৩ শিক্ষাবর্ষের কারিগরি বোর্ডের ৯ম শ্রেণির চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহন না করে ১৯-১২-২০২৩ খ্রি. তারিখে ট্রেড পরিবর্তন করে পূণরায় ২০২৪ শিক্ষাবর্ষের ৯ম শ্রেণীতে ভর্তীর আবেদন করলে প্রধান শিক্ষক মোঃ আব্দুল করিম মহোদয় ১৯-১২-২০২৩খ্রি. তারিখেই মোঃ নেওয়াজ শরীফের আবেদনটি গ্রহন করেন। দ্বৈত রেজিস্ট্রেশনের কারনে এস.এস.সি পরীক্ষার্থী মোঃ নেওয়াজ শরীফের ফরম পূরণে জটিলতা দেখা দেয়। দিনাজপুর শিক্ষা বোর্ডের ২০২২-২৩ শিক্ষাবর্ষে মোঃ নেওয়াজ শরীফ একই সাথে ছাতনাই উচ্চ বিদ্যালয় এবং কালীগঞ্জ উচ্চ বিদ্যালয় থেকে রেজিস্ট্রেশন করায় ফরম পূরণে জটিলতার সৃষ্টি হয়। আবার একই ছাত্র মোঃ নেওয়াজ শরীফ ২০২৩ শিক্ষাবর্ষের ছাতনাই উচ্চ বিদ্যালয়ের ভোকেশনাল শাখা থেকে কারিগরি বোর্ডের অধীনে ৯ম শ্রেণীর ফুড প্রসেসিং এন্ড প্রিজার্ভেশন ট্রেডের চূড়ান্ত পরীক্ষার পরীক্ষার্থী। তদন্তে দেখা যায় যে, যেহেতু ১০ম শ্রেণীর শিক্ষার্থীর অভিভাবক বিদ্যালয় ম্যানেজিং কমিটির নির্বাচন নিতিমালা অনুযায়ী নির্বাচন করার যোগ্য নয়, সেহেতু অভিভাবক সদস্য মোঃ নাসিরুল ইসলাম তাঁর সন্তান মোঃ নেওয়াজ শরিফকে ২০২৩ শিক্ষাবর্ষের কারিগরি বোর্ডের ৯ম শ্রেণীর পরীক্ষায় অংশগ্রহন না করিয়ে ২০২৪ শিক্ষাবর্ষে ট্রেড পরিবর্তন করে পূণরায় ৯ম শ্রেণীতে ভর্তী করার আবেদন করান।

স্থানীয় ঠাকুরগঞ্জ বাজারের ব্যবসায়ী ও গণ্যমাণ্য ব্যাক্তিগণের সাথে কথা বলে অভিযোগকারীর অভিযোগের সত্যতা খুঁজে পাওয়া যায়। সরেজমিন তদন্তকালীন অভিযোগের বাস্তবতা পাওয়া যায়। নাম প্রকাশ না করার শর্তে একাধিক ব্যাক্তি বলেন যে, "অভিযুক্ত অভিভাবক মোঃ নাসিরুল আলম স্থানীয় প্রভাবশালী ব্যাক্তি, তাঁর ভাই ১নং পশ্চিম ছাতনাই ইউ.পি চেয়ারম্যান জনাব মোঃ আনোয়ারুল হক সরকার। ছাতনাই উচ্চ বিদ্যালয়ে নতুন কমিটির মাধ্যমে ৩-৪টি নিয়োগ দেয়া হবে বিধায় মোঃ নাসিরুল আলম তাঁর ছেলেকে দিয়ে জালিয়াতীর মাধ্যমে ভোটার হয়েছেন এবং অনেক টাকা খরচ করে ভোট কিনে অভিভাবক সদস্য নির্বাচিত হয়েছেন।"

সরেজমিন তদন্ত ও স্থানীয় জনসাধারণের সাথে কথা বলে জানা যায় যে, "শুধু নির্বাচন করার উদ্দেশ্যে জনাব মোঃ নাসিরুল আলম তাঁর ছেলে মোঃ নেওয়াজ শরিফকে ছাতনাই উচ্চ বিদ্যালয়ের ভোকেশনাল শাখায় ভর্তী করান। যদি তাঁর ছেলে ২০২৩ শিক্ষাবর্ষের কারিগরি বোর্ডের ৯ম শ্রেণীর চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহন করে ২০২৪ শিক্ষাবর্ষে ১০ম শ্রেণীতে ভর্তীহতো তাহলে, মোঃ নাসিরুল আলম ম্যানেজিং কমিটির নির্বাচন করার অযোগ্য হতেন, তাই তাঁর ছেলেকে ২০২৪ শিক্ষাবর্ষে পূণরায় ভোকেশনাল ৯ম শ্রেণীতে ভর্তীকরান।"

০৫। নিয়োগ পরীক্ষা লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক যা, অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক (কম্পিউটার) এবং মৌখিক) পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৬। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহনকালে নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি অবশ্যই প্রদর্শন করতে হবে।

০৭। ইতোমধ্যে বিদ্যমান দক্ষ, সৎ, যোগ্য এবং উদ্যোক্তা হিসেবে সাফল্যের গল্প আছে এমন উদ্যোক্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।

০৮। উদ্যোক্তা হিসেবে নিযুক্ত/নিয়োজনের বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গন্য হবে।

৯। কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এবং কমিটি এ নিযুক্তি কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এছাড়াও আবেদন বাছাই ও নিয়োজনের ক্ষেত্রে নিয়োজনকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস এর উদ্যোক্তার পদটি সরকারি/আউট সোর্সিং/অন্য কোনো চাকুরির পদ না। এমনকি উদ্যোক্তার পদকে স্থায়ী বা সরকারিকরণের জন্য ভবিষ্যতে কোনো আবেদন বা অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা যাবে না।

১১। উদ্যোক্তা হিসেবে নিযুক্তির পর উদ্যোক্তার কার্যক্রম/আচরণে কোনো প্রকার অসংগতি লক্ষ্য করা গেলে উদ্যোক্তা নিযুক্তিকরণ/নিয়োজনকারী কর্মকর্তা উদ্যোক্তা নিযুক্তির আদেশ বাতিল করতে পারবেন।

১২। স্মার্ট সার্ভিস পয়েন্ট অব পোস্ট অফিস-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য সরকারের পক্ষ থেকে কোনো প্রকার বেতন/ভাতা/সম্মানী ইত্যাদি প্রদান করা হবে না। গ্রাহক সাধারণকে সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী গ্রহণ করবেন।

১৩। পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার অনলাইন লিংক পরবর্তীতে প্রার্থীর ই-মেইলে জানানো হবে।

(সুজন রায়)
পোস্ট অফিস পরিদর্শক (প্রশাসন)।
টেলিফোন নং-০২৫৮৯৯৬২০৭৮।
ও
সদস্য সচিব
উদ্যোক্তা নিয়োজন কমিটি।

স্মারক নম্বরঃ ১৪.৩১.৮৫০০.৩৪২.০৬.০০১.২৪

তারিখ: রংপুর ২১/০৪/২০২৪খ্রি:।

সদয় জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নীলফামারী।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ডিমলা, নীলফামারী।
৩। উপজেলা চেয়ারম্যান, ডিমলা, নীলফামারী।
৪। উপজেলা পোস্টমাস্টার, ডিমলা, নীলফামারী।
৫। তথ্য অফিসার, ডিমলা উপজেলা, নীলফামারী।
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, ডিমলা, নীলফামারী।
৭। ইউপি চেয়ারম্যান (সকল), ডিমলা উপজেলা, নীলফামারী।
৮। ইউপি সচিব (সকল), ডিমলা উপজেলা, নীলফামারী।
৯। নোটিশ বোর্ড, ------------------------------------।
১০। অফিস কপি।

২১/০৪/২০২৪

পোস্ট অফিস পরিদর্শক (প্রশাসন)।
টেলিফোন নং-০২৫৮৯৯৬২০৭৮।
ও
সদস্য সচিব
উদ্যোক্তা নিয়োজন কমিটি।